



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ  
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।  
এটিএম (সদর দপ্তর) অধিশাখা  
www.caab.gov.bd

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.১৪৪.০২.০১৫.২১.৩১৩

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
০১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ইউনাইটেড চট্টগ্রাম পাওয়ার লিঃ কর্তৃক রাঙ্গাদিয়া, আনোয়ারা, চট্টগ্রামে ৫৯০ মেগাওয়াট Gas/R-LNG টারবাইন ভিত্তিক  
**Combined Cycle** বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের চিমনি(Exhaust Stack) নির্মাণের জন্য উচ্চতার ছাড়পত্র প্রদান প্রসংগে।  
সূত্র: UCPL/CAAB/Vol-1/24/0093, তারিখঃ ০৬/১১/২০২৪ইং।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের বরাতে(সংশ্লিষ্ট অন্যান্য সরকারি সংস্থা/বিভাগের অনাপত্তি সাপেক্ষে) প্রস্তাবিত স্থানে শাহ আমানত বিমানবন্দরের OLS এর আলোকে ANO (AD) A1 এবং ICAO Annex-14 এর নিয়ম অনুযায়ী নিম্নবর্ণিত ছকে প্রদর্শিত সর্বোচ্চ প্রাপ্য উচ্চতা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

ক্রমিক নং	স্থাপনা/ভবন নির্মাণের প্রস্তাবিত স্থান/জমির তফসিল	শাহ আমানত বিমানবন্দরের এরোড্রাম এলিভেশন হতে অনুমোদিত উচ্চতা
(১)	ভৌগোলিক স্থানাংক: ২২°১৩'৫৭.৩৯৬" উত্তর, ৯১°৪৯'৪৫.৩৭৩" পূর্ব, মৌজা-রাঙ্গাদিয়া, বি এস দাগ নং-২৪(অংশ), ৪০৬(অংশ), ইউনাইটেড চট্টগ্রাম পাওয়ার লিঃ, থানা-আনোয়ারা, জেলা-চট্টগ্রাম।	১৫০(একশত পঞ্চাশ)ফুট

২। বিদ্যুৎ কেন্দ্রের চিমনি নির্মাণে নির্মাণকারী ব্যক্তি/গোষ্ঠী/সংস্থা/প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত শর্ত সমূহ অবশ্যই পালন করতে হবেঃ  
(ক) বিদ্যুৎ কেন্দ্রের চিমনি/স্থাপনাসহ (সিঁড়িঘর, জলাধার, লিফট, এন্টেনা, খুঁটি, প্রতিবন্ধক বাতি ইত্যাদিসহ) মোট উচ্চতা অনুমোদিত উচ্চতার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

(খ) নির্মাণ কাজের জন্য ক্রেন বা তদজাতীয় কোন যন্ত্রপাতি ব্যবহার করলে সেগুলোও উক্ত উচ্চতার মধ্যে সীমিত রাখতে হবে।

(গ) বিদ্যুৎ কেন্দ্রের চিমনি'র ধোঁয়ায় পরিবেশের ক্ষতি না হয় তা ইউনাইটেড চট্টগ্রাম পাওয়ার লিঃ নিশ্চিত করবে।

(ঘ) সিএএবি'র মনোনীত প্রতিনিধি চিমনি নির্মাণের জন্য প্রদত্ত উচ্চতায় নির্মাণ করা হয়েছে কিনা তা পরিদর্শন করার অধিকার সংরক্ষণ রাখবে।

(ঙ) উক্ত প্রকল্প সম্পূর্ণভাবে চালু হওয়ার পর ইউনাইটেড চট্টগ্রাম পাওয়ার লিঃ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষকে অবশ্যই অবহিত করবে।

(চ) বিদ্যুৎ কেন্দ্রের চিমনি'কে সমান সাতভাগ করতঃ নীচু হতে পর্যায়ক্রমে লাল/সাদা রং করতে হবে, চিমনি'র চুড়ায় (প্রযোজ্য ক্ষেত্রে) লাল প্রতিবন্ধক বাতি সূর্যাস্ত হতে সূর্যোদয় পর্যন্ত এবং খারাপ আবহাওয়ায় জ্বালিয়ে রাখতে হবে।

০৩। শাহ আমানত বিমানবন্দরের এরোড্রাম এলিভেশন (Mean Sea Level হতে উচ্চতা)-কে ভিত্তি বিবেচনায় উক্ত স্থানে অবকাঠামো নির্মাণের প্রাপ্য উচ্চতা নির্ধারণ করা হয়েছে। সুতরাং নির্মাণ স্থানের এলিভেশন ১৪ ফুটের অতিরিক্ত হলে, অতিরিক্ত উচ্চতা অত্র পত্রের মাধ্যমে প্রদত্ত উচ্চতা হতে বাদ দিয়ে প্রস্তাবিত অবকাঠামো নির্মাণ করতে হবে।

০৪। নকশা অনুমোদনকারী সংস্থা প্রস্তাবিত স্থানে উপরোক্ত শর্তাবলীর আলোকে অনুমোদিত উচ্চতার মধ্যে বিদ্যুৎ কেন্দ্রের চিমনি/স্থাপনা নির্মাণ সীমিত রাখা নিশ্চিত করতে হবে।

০৫। সিএএবি'র ওয়েবসাইট ([www.caab.gov.bd](http://www.caab.gov.bd))-এ প্রকাশিত অনুমোদিত উচ্চতার ছাড়পত্রটি যাচাই করণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

Bhaque

০১-১২-২০২৪

মোঃ শামসুল হক

পরিচালক (এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট-এটিএম)

০২৪১০৯১০৩১ (ফোন)

.. (ফ্যাক্স)

datm@caab.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা, ইউনাইটেড চট্টগ্রাম পাওয়ার লিং, ইউনাইটেড হাউজ, মাদানী এভিনিউ, ইউনাইটেড সিটি,  
ঢাকা-১২১২, বাংলাদেশ।।

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.১৪৪.০২.০১৫.২১.৩১৩/১ (২)

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
০১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপ-পরিচালক (সিএনএস), সিএনএস বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম।



Bhaque

০১-১২-২০২৪

মোঃ শামসুল হক

পরিচালক (এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট-এটিএম)